মুজিবনগরে বিভিন্ন দিবস পালনের প্রস্তুতি সভা অনুষ্ঠিত

মুজিবনগরে ৫ই আগস্ট বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৫ তম জন্মবার্ষিকী এবং ১৫ আগস্ট জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদত বার্ষকী ও জাতীয় শোক দিবস পালন উপলক্ষে প্রস্তুতি সভা করেছে মুজিবনগর উপজেলা প্রশাসন।

আজ মঙ্গলবার সকাল ১১ টার দিকে উপজেলা প্রশাসনের আয়োজনে, উপজেলা পরিষদ অডিটরিয়ামে এই প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

প্রস্তুতি সভায় উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডা: মেহেদী হাসান, মুজিবনগর থানার সেকেন্ড অফিসার এসআই আব্দুর রাজ্জাক, মুজিবনগর উপজেলা ভাইস চেয়ারম্যান জাহিদ হাসান রাজিব, বীর মুক্তিযোদ্ধা লুৎফর রহমান, বীর মুক্তিযোদ্ধা হাজী আহসান আলী খানসহ উপজেলা পরিষদের কর্মকর্তা, স্কুলের প্রধান শিক্ষক এবং সুধীবৃন্দ।

প্রস্তুতি সভায় ৫ই আগস্ট বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের জন্মবার্ষিকী এবং ১৫ আগস্ট জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষে সবার মতামতের ভিত্তিতে দিনব্যাপী বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়।

দামুড়হুদায় উপজেলা আইন শৃঙ্খলা

বিষয়ক মাসিক সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলা আইন- শৃঙ্খলা, চোরা চালান, নাশকতা, মানবপাচার এবং নারি ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার সকাল সাড়ে ১০ টায় উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সভাকক্ষে এ মাসিক সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে মাসিক সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হাজী সহিদুল ইসলাম, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান তানিয়া খাতুন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কে এইচ তাসফিকুর রহমান, উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা ডাঃ হেলেনা আক্তার নিপা, উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) আলমগীর কবীর, দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) বিপ্লব কুমার সাহা, উপজেলা সমাজ সেবা অফিসার তোফাজ্জেল হোসেন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, উপজেলা শিক্ষা অফিসার আবু হাসান, আব্দুল ওদুদ শাহ ডিগ্রী কলেজের অধ্যক্ষ কামাল উদ্দিন, উপজেলা রিসোর্স সেন্টার ইনস্ট্রাক্টর রোকনুজ্জামান, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, হাউলি ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, নাটুদহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শফিকুল ইসলাম, কুড়ালগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামাল উদ্দিন, মদনা ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান আঃ রহমান, উপজেলা আনসার ভিডিপি অফিসার মোঃ সাজিদ, উপজেলা যুবউন্নয়ন অফিসার আব্দুল্লাহ আল মামুন, রাজস্ব কর্মকর্তা জাহিদুজ্জামান, ইসলামিক ফাউন্ডেশনের ফিল্ড সুপারভাইজার মারিয়া মাহবুবা, কোম্পানি কমান্ডার ঠাকুরপুর বিজিবি সুবেদার সাইফুল ইসলাম, কোম্পানি কমান্ডার মুন্সিপুর বিজিবি নায়েক সুবেদার শ্রী তাপস কুমার, কোম্পানি কমান্ডার দর্শনা বিজিবি আশরাফুল ইসলাম, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এস এম বজলুর রশীদ,দামুড়হুদা পাইলট গালর্স স্কুল এ্যান্ড কলেজ শিক্ষক প্রতিনিধি আব্দুর রাজ্জাক, দামুড়হুদা মডেল সরকারি প্রাঃ বিদ্যালয়ের প্রধান শিক্ষক কুতুব উদ্দিন, উপজেলা মডেল মসজিদের পেশ ঈমাম মুফতী মামুনুর রশীদ প্রমূখ।

সভায় বক্তারা দেশের চলমান পরিস্থিতিতে দামুড়হুদা উপজেলার সার্বিক আইন শৃঙ্খলা নিয়ে সন্তোষ প্রকাশ করেন। আগামীতে সার্বিক বিষয়ে আইন শৃঙ্খলার যেন কোন অবনতি না ঘটে সে জন্য করনীয় শীর্ষক আলোচনা করেন।

মেহেরপুর প্রতিদিনের প্রতিনিধি সম্মেলন অনুষ্ঠিত

সময়ের চাহিদার পরিপ্রেক্ষিতেই প্রিন্ট ও অনলাইন থেকে ডিজিটাল যুগে প্রবেশ করতে হবে। কারণ মানুষ এখন ডিজিটাল যুগ পার করে স্মার্ট যুগে অবস্থান করছে। কালেরধারায় বদলেছে সাংবাদিকতা। তবে এখনো প্রিন্ট পত্রিকার কদর উবে যায়নি। এটাকে বাঁচিয়ে রাখার পাশাপাশি ডিজিটাল যুগে প্রবেশ করতে হবে। এটাতে বঅর্থ হলে সংবাদপত্রের জগতে আমরা পিছিয়ে যাবো।

এই যুগে দিনদিন জনপ্রিয় হয়ে উঠছে মোবাইল সাংবাদিকতা। স্মার্ট যুগের মানুষ খবরের সাথে সাথে দেখতে চাচ্ছেন স্থিরচিত্র ও ভিডিওচিত্র। পাঠকদের চাহিদা বিবেচনা নিয়ে মেহেরপুর প্রতিদিন পরিবারকে এগিয়ে যেতে হবে ডিজিটাইলেজের যুগে। এসব কথা তুলে ধরেন দক্ষিণ- পশ্চিমাঞ্চলের এই সময়ের সবচেয়ে পাঠকপ্রিয় দৈনিক মেহেরপুর প্রতিদিনের বিভিন্ন এলাকায় কর্মরত প্রতিনিধিবৃন্দ।

গতকাল সোমবার (২৯ জুলাই) পত্রিকার হলরুমে পত্রিকায় কর্মরত প্রতিনিধিদের নিয়ে আয়োজন করা হয় দিনব্যাপী কর্মশালা।

এ সময় বক্তব্য দেন মেহেরপুর প্রতিদিনের আইটি বিষয়ক উপদেষ্টা মুন্সি জাহাঙ্গীর জিন্নাত, বার্তা সম্পাদক জুলফিকার আলী কানন, গাংনী প্রতিনিধি আকতারুজ্জামান, মুজিবনগর প্রতিনিধি শের খান, স্টাফ রিপোর্টার সরোয়ার হোসেন ডালিম, সাকিব হাসান রুদ্র, কামরুল ইসলাম, শহিদুল ইসলাম, আবু রায়হান নিরব, বারাদি প্রতিনিধি এস আই বাবু, কাথুলী প্রতিনিধি পলাশ আহমেদ, ঝিনাইদহ প্রতিনিধি শাহানুর আলম, আলমডাঙ্গা প্রতিনিধি তানভির সোহেল, চুয়াডাঙ্গা প্রতিনিধি সাকিব বিশ্বাস, দর্শনা প্রতিনিধি আহসান মামুন,

দামুড়হুদা প্রতিনিধি রকিবুল ইসলাম তোতা, উপস্থাপক ইয়ামিন হাসান, কোটচাঁদপুর প্রতিনিধি মইন উদ্দিন। সম্মেলনে মেহেরপুর সহ বৃহত্তর কুষ্টিয়ার চার জেলার প্রতিনিধিরা অংশ নেন।

প্রতিনিধি সম্মেলনে পত্রিকার সম্পাদক ইয়াদুল মোমিন বলেন, মেহেরপুর প্রতিদিন এখন শুধু একটি জেলা নয়, এটি দক্ষিণ পশ্চিমাঞ্চলের কয়েকটি জেলার পাঠকপ্রিয় পত্রিকা। মাত্র ৭ বছরে পত্রিকাটি মানুষের হৃদয়ে স্থান করে নিয়েছে। পত্রিকার এই অবস্থানের জন্য শুধু আমরা একা কাজ করিনি। প্রতিটি প্রতিনিধির নিরলস পরিশ্রমের ফসল। শুধু প্রিন্ট ভার্সনই নয়, অনলাইন ভার্সনেও রয়েছে অসংখ্য পাঠক। শুধু জেলায় নয়, বিশ্বের বিভিন্ন স্থান থেকে প্রতিনিয়ত যোগ হচ্ছেন নতুন নতুন পাঠক। তাই সময়ের চাহিদার পরিপ্রেক্ষিতেই আমরা এখন ডিজিটাল যুগে যেতে চাই। অগনিত পাঠক খবরের চাহিদা আমরা পুরণ করতে চাই। এজন্য পত্রিকার সাথে জড়িত সকল প্রতিনিধিদের এক সাথে কাজ করতে হবে। এক্ষেত্রে সবাইকে প্রতিদিন অন্তত একটি বা দুটি করে ডিজিটাল কনটেন্ট দেওয়ার আহবান জানান।

ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু বলেন, প্রিন্ট পত্রিকার চাহিদা সমাজ থেকে এখনো যায়নি। তাই ডিজিটাল যুগে পদার্পণ করলেও আমাদের প্রিন্ট ভার্সনকেও শক্তিশালী করে রাখতে হবে। কারণ, প্রিন্ট পত্রিকা ইতিহাসের দলিল বলা হয়ে থাকে। তিনি বলেন, আমরা পত্রিকাটিকে সাত বছর বিভিন্ন চড়াই উত্তরাই, মামলা মোকদ্দমা ফেস করেই আজকে এখানে পৌছেছি। এই সাত বছরে পত্রিকার অর্জন আছে অনেক। আমরা কখনো দূর্ণীতি, অন্যায়, জুলম ও অনাচারের কাছে মাথা নত করিনি। আগামীতেও সাফল্য ধরে রাখতে পত্রিকা সেই ভূমিকা পালন করবে। এজন্য সকল প্রতিনিধিকে তার পেশাদারিত্ব দিয়ে কাজ করতে হবে।

আইটি প্রধান মুন্সি জাহাঙ্গীর জিন্নাত বলেন, ডিজিটাল প্লাটফরমকে দাঁড় করাতে হলে সবার আগে খবর ও ভিডিওচিত্র ও তথ্যচিত্র দিতে হবে। তবে, প্রতিটি ভিডিওচিত্র যেনো নিজস্ব হয়। এছাড়া জনপ্রিয় করতে এবং পাঠকের দারপ্রান্তে পৌছাতে বিভিন্ন কর্মপন্থাও তুলে ধরেন তিনি।

গাংনী উপজেলা প্রতিনিধি আক্তারুজ্জামান বলেন, পত্রিকার প্রতিদিনের ঘটনাবলী নিয়ে সংবাদ তৈরির পাশাপাশি ডিজিটাল কন্টেন্ট তৈরি করতে আমাদের লজিস্টিক সাপোর্ট দিতে হবে। বিশেষ করে লোগো সম্বলিত বুম, কর্ডলেস ওয়ার্লেস, আইডি কার্ড, নিয়োগপত্র ও অন্যান্য সাপোর্টের দাবি দাওয়া তুলে ধরেন তিনি। এজন্য পত্রিকার

সম্পাদকসহ ব্যবস্থাপনার দৃষ্টি আকর্ষণ করেন।

ঝিনাইদহে ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত

ঝিনাইদহ পৌরসভার আয়োজনে ৬ দিন ব্যপী ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। ঝিনাইদহ পৌরসভার আয়োজনে এ ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহ পৌরসভার মেয়র কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজলের সভাপতিত্বে ফ্রি মেডিকেল ক্যাম্পের উদ্বোধন করেন ঝিনাইদহ সিভিল সার্জন শুভ্রা রানী দেবনাথ।

সেসময় উপস্থিত ছিলেন পৌরসভার সকল কাউন্সিলরবৃন্দ। পৌরসভার ৯টি ওয়ার্ডে এই ফ্রি মেডিকেল ক্যাম্পের মাধ্যমে রোগ নির্নয় করে রোগীদের বিনামুলে সকল প্রকার ঔষধ বিতরণ করা হয়। এই চিকিৎসা সেবা পেয়ে পৌরবাসী সন্তুষ্টি প্রকাশ করেন।

দামুড়হুদায় জমাজমি সংক্রান্ত বিষয়ে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার সুবলপুর গ্রামের জমাজমি সংক্রান্ত বিষয়ের জের ধরে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার বিকাল ৪ টার সময় দামুড়হুদা প্রেসক্লাবে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। সংবাদ সম্মেলনে লিখত বক্তব্য পাঠ করেন উপজেলার সুবলপুর গ্রামের কলিম উদ্দিন এর ছেলে মোঃ হাফিজ উদ্দিন।

সংবাদ সম্মেলনে উপস্থিত হয়ে লিখিত বক্তব্যে বলেন, আমরা মোঃ

হাফিজ উদ্দিন পিতাঃ কলিম উদ্দিন, জাইদুল পিতা: মৃত: আইনাল হক এবং মোঃ কামাল পিতা: মৃত: ইমান আলী সর্বসাং সুবলপুর, আমাদের বাবার নামে রেকর্ড ভুক্ত জমি যা বর্তমানে হালসন খাজনা পরিশোধ আছে। আমাদের জমির পরিমাণ ২০ শতক জমি যা উপজেলার সুবলপুর গ্রামের বিবাদী মোঃ ইব্রাহিম পিতাঃ মৃত: অনু আলী, মো: বক্কর পিতা: মৃত: রমজান আলী গংরা জোর পূর্বক জমি দখলকরে রাখে। বিষয়টি নিয়ে আমরা কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদে গ্রাম আদালতে মামলা করি। মামলা শেষে আদালত লিখত সিদ্ধান্ত আমাদের দিয়েছেন। বিবাদীগনরা আমাদের রেকর্ড এর জমি জোর পূর্বক দখল করে রেখেছেন। আমরা দখল নিতে গেলে তারা আমাদের খুন করার হুমকি দেয়। যার কারনে আমরা গ্রাম আদালতের মাধ্যমে রায় পেয়েছি। তার পরও জমি নিজেদের দখলে নিতে পারিনাই। দখল নিতে গেলে আমাদের নামে মিথ্যা মামলা ও মিথ্যা সংবাদ প্রকাশ করে জমি না ছাড়ার পায়তারা চালিয়ে যাচ্ছে। বিবাদী গনের পাকা বাড়ী এবং মাঠে ৫/৬ বিঘা জমি রহিয়াছে। অথচ দৈনিক মাথাভাঙ্গা পত্রিকায় ভূমিহীন বলে সংবাদ প্রকাশ করেছেন, যা মিথ্যা। জমির দাগ নং: ৯৬৫, খতিয়ান নং: ৮৬৫ মৌজা কুড়ালগাছি। জমির পরিমাণ ২০ শতক। প্রকাশ থাকে যে বিবাদীরা গ্রাম আদালতে জমির কোন কাগজপত্র উপস্থিত করতে পারেনি, যার কারনে আমাদের পক্ষে রায় হয়। তার পারেও জোর পূর্বক আমাদের জমি দখল করে আমাদের নামেই মিথ্যা ও বানোয়াট কেচ মামলা করে হয়রানি করছে এবং সাংবাদিকদের মিথ্যা তথ্য দিয়ে সংবাদ পরিবেশন করছে। জমির কাগজপত্র দেখে বিষয়টি সরজমিনে তদন্ত পূর্বক সমাধানের জন্য সংশ্লিষ্ট কতৃপক্ষের সুদৃষ্টি কামনা করেন।

মেহেরপুরের কুতুবপুরে ঐতিহ্যবাহী মহরমের মেলা অনুষ্ঠিত

মেহেরপুরের কুতুবপুর ইউনিয়নের কুতুবপুর গ্রামে প্রতিবছরের ন্যায় এবারেও মহরমের মেলা অনুষ্ঠিত হয়েছে।

মহররম’ শব্দের অর্থ সম্মানিত। ইসলামের ইতিহাসে এই মাসের সঙ্গে

অনেক স্মৃতি জড়িয়ে আছে। এসব স্মৃতির সম্মানার্থে এই মাসকে মহররম বা সম্মানিত বলে আখ্যায়িত করা হয়েছে। কোরআনুল কারিমে রয়েছে, ‘আকাশ ও পৃথিবী সৃষ্টির দিন থেকেই আল্লাহর কাছে মাসের সংখ্যা ১২, এর মধ্যে ৪টি মাস (মহররম, রজব, জিলকদ, জিলহজ) আর মহরম মাসের ১০ তারিখ কে আশুরার দিন বলা হয়েছে।

আশুরা অর্থ দশম তারিখ। ইসলামি পরিভাষায় মহররমের ১০ তারিখকে আশুরা বলা হয়। পবিত্র আশুরা ইসলামের অন্যতম ফজিলতপূর্ণ দিন। সৃষ্টির শুরু থেকে ১০ মহররম তথা আশুরার দিনে অনেক তাৎপর্যপূর্ণ ঘটনা সংঘটিত হয়েছে।
হাসান হুছাইন এই দিনেই কারবালা ময়দানে শহীদ হয়েছিলেন।

সর্বপরি এই দিন কে ঘিরে বছরের পর বছর জাঁকজমকপূর্ণ মেলার আয়োজন করে আসছে এই মেহেরপুরের কুতুবপুর গ্রাম। এই দিনটিকে ঘিরে এই গ্রামের মানুষ জামাই দাওয়াত করে খাওয়া নো সহ এক সময় ভালো মন্দ খাবারের আয়োজন করতেন বলে জানিয়েছেন স্থানীয়রা। তবে তা এখন বিলুপ্তির পথে কিন্তু রয়ে গেছে যুগ যুগ ধরে করে আসা এই মেলা যেখানে মেহেরপুর জেলার বিভিন্ন গ্রামের দর্শনার্থীরা আসেন মেলা উপভোগ করতে। ফাকা জায়গা ভরে বসে পড়ে দোকানপাট, আর সেই দোকানপাটে কেনাকাটায় মগ্ন আছেন বিভিন্ন এলাকা থেকে আগত দর্শনার্থীরা এ যেন পা ফেরা মত জায়গাও ফাকা নেই।এছাড়াও ছোট ছোট বাচ্চা দের বিনোদন জন্য রয়েছে নাগরদোলা ।

স্থানীয় দের মধ্যে থেকে সাঈদ হোসেন জানান আমার বয়স ২৮ বছরে আমি বুদ্ধি হয়ে দেখে আসছি এই মেলা এবং বাবা দাদাদের মুখেও শুনেছি এই দিনটি পালন করে আসছেন অনেক আগে থেকেই।

কুতুবপুর গ্রামের করিম মিয়া বলেন এই মেলা আমাদের গ্রামকে পরিচিত করে তোলে। এবং এই মেলা কে ঘিরে জেলার বিভিন্ন প্রান্তে থেকে আমাদের গ্রামে পদার্পণ করেন বিভিন্ন দোকান পাটে বোরে উঠে তরুন ছেলেরাও এটি উপভোগ করে যা আমাদের ভালো লাগে।

জাফর ইকবাল জানান আমি এসেছি গাংনী থেকে এই ছেলে মেয়ে নিয়ে ঘুরতে এর আগেও অনেক এসেছি এই গ্রামের মেলা দেখতে তবে এবারের মেলাটি অনেক জাকজমক হয়েছে আমাদের বভালো লাগছে। প্রতি বছরেই এই মেলার আয়োজন করুক এই গ্রামের মানুষ সেই প্রত্যাশা করছি।

মুজিবনগরে উপজেলা পর্যায়ে বিভিন্ন সভা অনুষ্ঠিত

মুজিবনগররে উপজেলা পর্যায়ে চলতি জুলাই মাসের বিভিন্ন সভা অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার সকাল সাড়ে ১০টা সময় উপজেলা পরিষদ মিলনায়তনে উপজেলা প্রশাসনের আয়োজনে এ সকল সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি সভাসহ এ দিন ১৩ টি সভা অনুষ্ঠিত হয়। উপজেলা ভারপ্রাপ্ত নির্বাহী অফিসার ও উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাজমুস সাদাত রত্ন এর সভাপতিত্বে সভাই উপস্থিত ছিলেন, উপজেলা চেয়ারম্যান আমাম হোসেন মিলু, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) উজ্জ্বল কুমার দত্ত, উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডা: মেহেদী হাসানসহ সহ অনুষ্ঠিত সভাসমূহের সদস্যবৃন্দ।

এই দিন উপজেলা আইন-শৃংখলা কমিটি, উপজেলা জঙ্গিবাদ, সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির,উপজেলা চোরাচালান প্রতিরোধ কমিটির, নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য যৌক্তিক পর্যায়ে রাখার লক্ষ্যে উপজেলা টাস্কফোর্স কমিটি, উপজেলা ইনোভেশন কমিটি ,উপজেলা আইসিটি কমিটির, উপজেলা পণ্য বিপনণ কমিটির সভা, উপজেলা কর্ণধর কমিটি, উপজেলা যৌতুক, বাল্যবিবাহ নিরোধ এবং জন্মমৃত্যূনিবন্ধন কমিটি, উপজেলা Watch Dog কমিটি, উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি, উপজেলা নারী ও শিশু পাচার রোধকল্পে গঠিত প্রচার কমিটি , উপজেলা মানব পাচার প্রতিরোধ কমিটি,কারাবন্ধী শিশু কিশোরদের মুক্তির বিষয় সংক্রান্ত এবং উপজেলা এসডিজি বিষয়ক কমিটির সভা অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহে মতবিনিময় সভা অনুষ্ঠিত

ঝিনাইদহ সদর উপজেলার নির্বাচিত জনপ্রতিনিধি, সরকারি কর্মকর্তা, শিক্ষক প্রতিনিধি ও স্থানীয় গণ্যমাণ্য ব্যক্তিবর্গের সাথে আইন শৃঙ্খলা পরিস্থিতি, বাল্যবিবাহ, যৌতুক, আত্মহত্যা, ডেঙ্গু, জঙ্গিবাদ বিরোধী কার্যক্রম, মানসম্মত শিক্ষা, জনসেবা এবং দুর্নীতি বিরোধী কর্মসূচি নিশ্চিতকরণ বিষয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (১৫ জুলাই) সকালে সদর উপজেলার কালীচরণপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে এ মতবিনিময় সভার আয়োজন করে সদর উপজেলা প্রশাসন।

সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিয়া আক্তার চৌধুরীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম।

সেসময় সদর উপজেলা সহকারী কমিশনার (ভুমি) সজল কুমার দাস, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহীন উদ্দিন, ঝিনাইদহ প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ, স্থানীয় চেয়ারম্যান জাহাঙ্গীর আলম ও বিদ্যালয়ের প্রধান শিক্ষক আলেয়া খাতুনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে সাধারণ ছাত্র ছাত্রীদের বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত

কোটা সংস্কারের দাবিতে ঝিনাইদহে সাধারণ ছাত্র-ছাত্রীদের বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত। আজ রবিবার (১৪ই জুলাই) সকাল ১১ টার

সময় ঝিনাইদহ ওয়াজির আলী স্কুল মাঠ থেকে ঝিনাইদহে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সাধারণ ছাত্র-ছাত্রীদের ব্যানারে একটি বিক্ষোভ মিছিল বের হয়।

মিছিলটি শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থান প্রদক্ষিণ করে অবশেষে পায়রার চত্বরে একটি সমাবেশ করে। উক্ত সমাবেশের সভাপতিত্ব করেন শারমিন সুলতানা, সমষ্টি পরিচালনা করেন আব্দুল্লাহ আল মামুন। সমাবেশে বক্তব্য রাখেন নুসরাত জাহান সাথী, এলমা, রেহান, স্বাধীন, সাইদুর, এনামুল।

সমাবেশ শেষে জেলা প্রশাসকের মাধ্যমে রাষ্ট্রপতির নিকট স্মারকলিপি পাঠান।

মেহেরপুরে জেলা আইন শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

মেহেরপুরে জেলা আইন শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার (১৪ জুলাই) সকাল ১১ টার দিকে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ মাসিক সভা অনুষ্ঠিত হয়।

সভার সভাপতিত্ব করেন স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মোঃ শামীম হোসেন।

এসময় পুলিশ সুপার এস এম নাজমুল হক, অতিরিক্ত জেলা প্রশাসক শামীম ভূঁইয়া, পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, সরকারি মহিলা কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ আন্দুল্লাহ আল আমীন, গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা প্রতীম কুমার সাহা, মুজিবনগর উপজেলা সহকারি কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সাদাত আহমেদ রত্ন, জেলা কমান্ড্যান্ট প্রদীপ চন্দ্র দত্ত, জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক কাজী কাদের মোঃ ফজলে রাব্বি, ডা.অলোক কুমার দাস, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান আনারুল ইসলাম বক্তব্য রাখেন।

এছাড়াও এসময় মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক নীলা হাফিয়া,

ইফার উপ-পরিচালক সিরাজুম মুনির, মৎস্য কর্মকর্তা রোকনুজ্জামান, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক আবুল হাশেম, সরকারি কলেজের প্রভাষক মুন্সী রাশেদুল হক প্রমুখ উপস্থিত ছিলেন।